কার্পাসডাঙ্গায় নজরুল স্মৃতি সাহিত্য সংসদের প্রতিষ্ঠা বার্ষিকী ও কবি মিলন মেলা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় নজরুল স্মৃতি সাহিত্য সংসদের প্রতিষ্ঠাবার্ষিকী ও কবি মিলনমেলা-২০২১ অনুষ্ঠিত হয়েছে।

কার্পাসডাঙ্গায় নজরুল স্মৃতি সাহিত্য সংসদ অনলাইনের আয়োজনে জেলা প্রশাসনের সহযোগিতায় চার্চ অব বাংলাদেশ কার্পাসডাঙ্গা মিশন পল্লির মধ্য ও দক্ষিণ বাংলাদেশ শিশু উন্নয়ন প্রকল্পের হলরুমে গতকাল শনিবার সকালে নজরুল স্মৃতি সাহিত্য সংসদের ৩য় প্রতিষ্ঠা বার্ষিকী ও কবি মিলনমেলা অনুষ্ঠানের প্রথম পর্ব সকাল ৯ টার সময় অনুষ্ঠান শুরু করেন। প্রথম পর্বে কবির স্মৃতি ফলকে পুস্পমাল্য অর্পণ শেষে র্যালী বের করা হয়।

নজরুল স্মৃতি সাহিত্য সংসদ অনলাইনের প্রতিষ্ঠাতা সভাপতি লাভলু হোসেনের সভাপতিত্বে কবি শিমুল ভুঁইয়ার সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কবি ও চলচিত্র শিল্পী এবিএম সোহেল রশিদ।

এছাড়া দ্বিতীয় পর্ব বেলা ৩ টার সময় দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের সভাপতিত্বে নজরুল স্মৃতি সংসদের সাধারণ সম্পাদক সাইফুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার।

বিশেষ অতিথী হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম। এছাড়া আরো উপস্থিত ছিলেন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আব্দুল খালেক সহ আলোচক হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মুন্সি আবু সাইফ, বাংলাদেশ বেতার ও টেলিভিশনের গীতিকার শরীফ সাথী, ছড়াকার আহাদ আলী মোল্লা, মাহমুদুল হাসান, খলিলুর রহমান, রমজান আলী, জামিলুর রহমানসহ সাহিত্যক শিল্পী গণ্যমান্য ব্যক্তিবর্গ গণ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে উপস্থিত অতিথি বৃন্দদের মাঝে কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সাহিত্য সংসদের পক্ষ থেকে ক্রেস্ট তুলে দেন।

দামুড়হুদায় ভুট্টা বোঝায় ট্রাকের ধাক্কায় অটো চালক আহত

দামুড়হুদায় ভুট্রা বোঝায় ট্রাকের ধাক্কায় অটো চালক মারাত্মক আহত অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

জানা গেছে, দামুড়হুদা উপজেলা সদরের ব্র্যাকমোড় নামক স্থানে গতকাল শনিবার বিকাল ৪ টার দিকে ট্রাক-অটোরিকশা ধাক্কাতে মারাত্মক ভাবে আহত হয়েছেন অটো চালক।

আহত অটো চালক জিনারুল (২৬) উপজেলার কালিয়াবকরি গ্রামের বদর আলী’ র ছেলে। জিনারুল বর্তমানে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি রয়েছেন। তার মাথা, চোখ ও কানে মারাত্মক জখম হয়েছে।

দুর্ঘটনার পর পর দামুড়হুদা মডেল থানার পুলিশ ঘটনাস্থল থেকে ভুট্টা বোঝাই ট্রাক যশোর ট- ১১-১২০১ ও চালক সামিদুল (২৮) কে আটক করেন থানায় নেন। ট্রাকচালক সামিদুল উপজেলার দর্শনার পারকৃষ্টপুর- মদনা গ্রামের আশরাফুলের ছেলে।

দুর্ঘটনায় স্বীকার হওয়া দুমড়ে মুচড়ে যাওয়া ব্যাটারী চালিত অটো গাড়িটি উদ্ধার করে থানাতে নেওয়া হয়েছে।

আহত জিনারুলের শশুরের নিকট থেকে জানা যায়, গতকাল বিকালে চুয়াডাঙ্গা থেকে দামুড়হুদার দিকে আসার পথে দামুড়হুদা ব্র্যাক মোড়ে পৌঁছালে একটি ভুট্টা বোঝাই ট্রাক স্কেল থেকে বার হচ্ছিল। ট্রাকটি মেইন রাস্তায় উঠার সময় হেলপার ছাড়াই রাস্তার অবস্থা না দেখে ট্রাকটি রাস্তায় নামালে ঘটে এ বিপত্তি।

এসময় অটোতে বসে থাকা দুজন যাত্রীর কোন সমস্যা না হলেও জামাই জিনারুল পিচের রাস্তায় ছিটকে পড়লে তার মাথা, চোখ ও কানে মারাত্মক জখমহয়।

স্থানীয়রা জানান, চার টার দিকে দামুড়হুদা ব্র্যাক মোড় সংলগ্ন চুয়াডাঙ্গা দিক থেকে আসা একটি অটো দামুড়হুদার দিকে যাচ্ছিলেন। এসময় ভুট্টা বোঝাই স্কেল থেকে ভুট্টা ওজন নিয়ে একটি ট্রাক হেলপার ছাড়াই মেইন রাস্তায় নেমে পড়েন তখন অটো গাড়িটির সাথে ট্রাকের জোরে ধাক্কা লাগে। অটোটি দুমড়ে মুচড়ে যায় এবং চালক রাস্তায় ছিটকে পড়ে মারাত্মক ভাবে আহত হয়। স্থানীয়রা তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত সহকারী মেডিকেল অফিসার মাহাফুজ রহমান জানান, আহত অটো চালক জিনারুলের মাথায় দুইটি সেলাই দেওয়া হয়েছে। এছাড়াও তার চোখে ও কানে আঘাত লেগেছে। বর্তমানে হাসপাতালে ভর্তি রয়েছেন।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আঃ খালেক দুর্ঘটনা সত্যতা নিশ্চিত করে বলেন, ট্রাক ও চালককে আটক করা হয়েছে।

জীবননগর আলীপুর প্রগতিশীল যুব সংঘের বার্ষিক আলোচনা সভা অনুষ্ঠিত

জীবননগর আলীপুর প্রগতিশীল যুব সংঘের বার্ষিক আলোচনা সভা ও সাংস্কৃতি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গত শুক্রবার সন্ধার সময় জীবননগর উপজেলার বাকা ইউনিয়নের আলীপুর প্রগতিশীল যুব সংঘের আয়োজনে আলীপুর গ্রামে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

বাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল কাদের প্রধানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাই টিভির সিনিয়র রিপোর্টার এস কে লিটন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আবুল কাসেম মাস্টার, আঃ মান্নান, আক্কাচ আলী মন্ডল, মুকুল হোসেন প্রমুখ।

জীবননগর ইকরা একাডেমী স্কুলে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত

জীবননগরে ইকরা একাডেমী স্কুলের শিক্ষক, শিক্ষাথী ও অভিভাবকদের নিয়ে একটি অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সকাল ৯টার সময় ইকরা একাডেমী স্কুলের আয়োজনে স্কুল চত্তরে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

জীবননগরে ইকরা একাডেমী স্কুল জীবননগর শাখার পরিচালক হাফেজ মাওলানা ইকবাল হুসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন ইকরা একাডেমী স্কুল চুয়াডাঙ্গা শাখার পরিচালক মুস্তাফা কামাল কাসেমী।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উথলী ডিগ্রী কলেজের প্রভাষক সাজ্জাদ হোসেন, সাংবাদিক মিঠুন মাহমুদ, এস আই আঃ সালাম, রবিউল আজম, তৌহিদুজ্জামান, রাকিব, শফিকুল ইসলাম, ফজলুর রহমান, শিপুল হোসেন প্রমুখ।

অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন আজহারুল ইসলাম।

আলমডাঙ্গার এমএসবি ইট ভাটায় পুড়ছে গাছ

আলমডাঙ্গা বন্ডবিলের এমএসবি ভাটায় ইট তৈরিতে ব্যবহার করা হচ্ছে বনজ গাছ। দীর্ঘদিন যাবৎ প্রশাসনকে ম্যানেজ করে গাছ পুড়িয়ে ইট তৈরির প্রক্রিয়া চালিয়ে যাচ্ছে সংশ্লিষ্ট ইট ভাটা মালিক মুন্সি বাবু।

জানাগেছে, আলমডাঙ্গা পৌর এলাকার বন্ডবিল গ্রামে দীর্ঘদিন যাবৎ গাছ পুড়িয়ে ইট তৈরি করছে এমএসসি ভাটা কর্তৃপক্ষ। বর্তমানে ইট ভাটায় গাছ পুড়িয়ে ইট তৈরিতে পরিবেশ অধিদপ্তরের নিষেধাজ্ঞা থাকলেও প্রশাসনকে ম্যানেজ করেই চলছে ইট তৈরির প্রক্রিয়া।

এ ব্যাপারে পরিবেশ অধিদপ্তর ও স্থানীয় প্রশাসন নিরব থাকায় ভাটা মালিকরা কাঠ দিয়ে ইট পোড়ানোয় বেশি উৎসহ পাচ্ছে। ইতিমধ্যেই ফিট চুংগা আইন করে বাতিল করা হলেও আলমডাঙ্গায় আইনের তোয়াক্কা না করেই অবৈধ ইটভাটা মালিকরা তা ব্যবহার করছে।

প্রতিদিন ইট ভাটায় হাজার হাজার মণ কাঁচা গাছ ভাটায় পুড়িয়ে তৈরি করা হচ্ছে ইট। এরই কারণে, ভাটা অঞ্চলের পরিবেশ দুষিত হলেও রাজনৈতিক ক্ষমতার কারণে নিশ্চুপ ভুমিকায় এলাকাবাসী।

এ ভাটায় প্রতিদিন ১০/১৫ টি অবৈধ ট্রাক্টর ও স্ট্রেয়ারিং গাড়িতে মাটি টানায় রাস্তায় কাঁদা মাটি পড়ে সৃষ্টি হয়েছে তীব্র ধুলা। রাস্তায় কাঁদা মাটি পড়ায় সড়ক দুর্ঘটনার মত মৃত্যু মুখী হচ্ছে সাধারণ লোকজন।

এই ব্যাপারে মাদারহুদা, গোপালনগর, বারাদি ও বন্ডবিল এলাকার লোকজন জানান, এ ভাটার কারণে রাস্তায় বহনকৃত মাটি পড়ে তীব্র ধুলায় পরিণত হয়েছে। হালকা বৃষ্টি হলেই সৃষ্টি হয় ভয়াবহ কাঁদায়। এতে সড়কে যাতায়াত অযোগ্য হয়ে পড়ে।

তারা আরো বলেন, এ ভাটার কারণে রাস্তার পাশে ফসল উৎপাদনে ব্যাঘাত পোহাতে হচ্ছে। রাস্তার ধুলো গাছে পড়ায় বোঝাই যাই না এটা গাছ নাকি অন্য কিছু।

এ ঘটনায় কুষ্টিয়া পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তার সাথে কথা হলে তিনি বলেন, কোন ভাটায় গাছ পোড়ানোর বৈধতা নেই। যদি কোন ভাটায় গাছ পোড়ানো হয় তাহলে সে ভাটার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

আলমডাঙ্গায় ভয়াবহ অগ্নিকান্ড, ২ লক্ষাধিক টাকার ক্ষতির আশংকা

আলমডাঙ্গায় গভীর রাতে বসতবাড়িতে ভয়াবহ অগ্নিকান্ড। ফায়ার সার্ভিস পৌঁছানোর আগেই অসহায় দুই পরিবারের বসতবাড়ি পুড়ে ভস্কিভূত হয়েছে।

অগ্নিকান্ডের ঘটনাটি আজ মঙ্গলবার (৯ মার্চ) দিবাগত রাত সাড়ে ১২ টার দিকে উপজেলার অভয়নগর গ্রামে ঘটেছে। এ ঘটনায় ১ টি ছাগলসহ প্রায় ২ লক্ষাধিক টাকার মালামাল ক্ষতি হয়েছে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার জামজামি ইউনিয়নের অভয়নগর গ্রামের দিন মজুর কফিল উদ্দিনের স্ত্রী রাতে রান্না শেষে চুলায় খড়ি শুকাতে দেয়।

খড়ি শুকাতে দিয়েই ঘটে বিপত্তি। রাতেই ওই খড়িতে অগ্নিকান্ডের ঘটনা ঘটে। মুহুর্তে ছড়িয়ে পড়ে পাশে মাচাল দেওয়া বিচালিতে ও খড়ির গাদায়।

ত্রিব্য আগুনের কালো ধোঁয়াই চারিদিক আচ্ছন্ন হয়ে পড়ে। এলাকার সাধারণ লোকজন ছুটে আসে আগুন নেভানোর কাজে। ঘন্টা ব্যাপি আগুন নেভানোর চেষ্টা চালালেও নিয়ন্ত্রণ আনতে অপরাগত হয়ে পড়ছিলো এলাকাবাসী।

পরে, আলমডাঙ্গা ফায়ার সার্ভিসে খবর দেয়। তাদের গতিময়তার কারণে ইতো মধ্যে আগুন ছড়িয়ে পড়ে সহর আলির ছেলে কালাম এর বাড়িতে। আগুনে পুড়ে যায় একটি ছাগল সহ ঘরের বিভিন্ন আসবাবপত্র। আগুনে লণ্ডভণ্ড হয়ে যায় ঘরের টিন ও বৈদ্যুতিক মিটার।

এ অগ্নিকান্ডের ঘটনায় ইউপি সদস্য আরিফুল ইসলাম জানান, গভির রাতে চুলা থেকে অগ্নিকান্ডের ঘটনাটি ঘটে। এ অগ্নিকান্ডের কারণে ২ টি অসহায় পরিবারের তিনটি ঘর পুড়ে ভস্কিভূত হয়েছে। আমিসহ এলাকাবাসী ঐক্যবদ্ধ ভাবে আগুন নিভিয়ে ফেলেছি। তবে, অসহায় পরিবারে আগুনের কারণে আনুমানিক প্রায় ২ লক্ষাধিক টাকার ক্ষতির আশঙ্কা করা হচ্ছে।

আলমডাঙ্গার কুমারী ইউনিয়ন কৃষক লীগের ত্রি-বার্ষিক সম্মেলন

আলমডাঙ্গার কুমারী ইউনিয়ন কৃষকলীগের ত্রি-কার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। ইউনিয়নের শ্যমপুর স্কুল মাঠে গতকাল সোমবার বিকেলে অনুষ্ঠিত এ সম্মেলন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কৃষকলীগের সাংগঠনিক সম্পাদক অধ্যাপক নাজমুল ইসলাম পানু।
প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক নাজমুল ইসলাম পানু বলেন, কৃষকলীগকে তৃণমূল পর্যায়ে শক্তিশালী হিসেবে গড়ে তুলতেই আজকের এই সম্মেলন।
আমি দেশের বিভিন্ন প্রান্তে ছুটে বেড়াচ্ছি এই কৃষকলীগকে সংগঠিত করার জন্য। কৃষকলীগ সভাপতি সমীর দাদা ও সম্পাদক উম্মে কুলসুম স্মৃতির নির্দেশে কাজ করে যাচ্ছি। বাংলাদেশ আওয়ামী লীগ সভানেত্রী জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে আমরা কাজ করে যাচ্ছি। তিনি বলেন, আওয়ামী লীগ ক্ষমতায় আছে বলেই দেশ আজ উন্নয়নশীল হিসেবে স্বীকৃতি পেয়েছে ।
এই দেশকে আরো সমৃদ্ধির পথে নিয়ে যেতে হলে আওয়ামী লীগ সরকারের কোন বিকল্প নেই। আওয়ামী লীগকেই আগামীতে আবারো ক্ষমতায় আনতে আমাদের কাজ করতে হবে।
কৃষকলীগ নেতা কাউসার আহম্মেদ কসরের সভাপতিত্বে সম্মেলনে প্রধান বক্তা ছিলেন কেন্দ্রীয় কৃষকলীগের বেসরকারী সংস্থা বিষয়ক সম্পাদক মিরুল ইসলাম। সম্মেলন উদ্বোধন করেন আলমডাঙ্গা উপজেলা কৃষকলীগের সভাপতি এম আজিজুল হক।
বিশেষ অতিথি ছিলেন বিশিষ্ট ব্যবসায়ী রোকনুজ্জামান কিরন, ঢাকা মহানগর দক্ষিণ কৃষকলীগের সদস্য আজিজুল হক, চুয়াডাঙ্গা জেলা কৃষকলীগের সহসভাপতি আশাদুল ইসলাম, জেলা কৃষকলীগের যুগ্ম-সম্পাদব আব্দুল্লাহ আল হোসাইন দীপক, জেলা কৃষকলীগের কোষাধ্যক্ষ ওসমান গনি বিস্কুট, চুয়াডাঙ্গা সদর উপজেলা কৃষকলীগের সভাপতি আব্দুল মতিন দুদু, জেলা কৃষকলীগ নেত্রী সামসাদ রানু, আলমডাঙ্গা উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক বজলুল করিম, আলমডাঙ্গা পৌর কৃষকলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সৌমেন্দ্র নাথ সাহা, উপজেলা দপ্তর

সম্পাদক সাহাবুল হকের উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন পৌর যুগ্ম-আহবায়ক আমিরুল ইসলাম, উপজেলা কৃষকলীগের সহ-দপ্তর সম্পাদক ফজলুল হক, অভিমান্যু কুন্ডু, আলমডাঙ্গা সরকারী কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক সেলিম রেজা তপন, হারদী ইউনিয়ন কৃষকলীগের সভাপতি পলাশ বিশ্বাস, সাধারণ সম্পাদক এম বকুল, রিপন, কুমারী ইউনিয়ন কৃষকলীগ নেতা সিরাজুল ইসলাম, রাশিদুল ইসলাম, রিপন মালিতা প্রমুখ। সম্মেলনে সভাপতি সম্পাদক পদে একাধিক প্রার্থী থাকায় নাম ঘোষণা করা হয়নি। এ ব্যাপারে উপজেলা কৃষকলীগের সভাপতি এম আজিজুল হক বলেন, একাধিক প্রার্থী থাকায় সিদ্ধান্ত নেওয়া যায়নি। পরবর্ত্তীতে বসে আলোচনা সাপেক্ষে কমিটি ঘোষণা করা হবে।

দর্শনা কেরু’জ নির্বাচন সম্পন্ন সভাপতি সবুজ, সাধারণ সম্পাদক মাসুদ

সকল জল্পনা কল্পনার অবসান ঘটিয়ে চুয়াডাঙ্গা জেলার দর্শনা কেরু’জ নির্বাচন শেষ হলো। গতকাল সোমবার সকাল ৯ ঘটিকা থেকে শুরু করে বিকাল ৪ ঘটিকা পয়ন্ত বিরতিহীন এবং সুষ্ঠু ভাবে কেরু’জ নির্বাচন শেষ হয়।
এই নির্বাচনে সভাপতি পদে ফিরোজ আহম্মেদ সবুজ হারিকেন প্রতীক নিয়ে জয়লাভ করেন এবং সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদ বাইসাইকেল প্রতীকে জয়লাভ করেন।
জানাগেছে, বিজয়ী সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ (হারিকেন) প্রতীক পেয়েছে ৫৭৩ ভোট ও তার নিকটতম প্রতিদ্বন্দ্বী প্রার্থী তৈয়ব আলী (চাঁদ তারা) প্রতীক পেয়েছে ৪৯৩ ভোট। বিজয়ী সাধারণ সম্পাদক পদে মাসুদুর রহমান মাসুদ (বাই সাইকেল) প্রতীক পেয়েছে ৫৭১ ভোট ও তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মনিরুল ইসলাম পিন্স (ছাতা) পেয়েছে ৪৯২ ভোট। বিজয়ী সহ-সভাপতি পদে মোস্তফিজুর রহমান (চেয়ার) প্রতীক পেয়েছে ৫০০ ভোট ও তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সাবেক সহ-সভাপতি ফারুক আহম্মেদ (মোরগ) প্রতীক পেয়েছে ৩১৯ ভোট, এএস এম কবির (হাত পাখা) প্রতীক ২১৬ ভোট ও আবু সাইদ হাসান (মাছ) প্রতীক পেয়েছে ২৮

ভোট। বিজয়ী সহ-সাধারণ সম্পাদক পদে খবির উদ্দিন (কাপ পিরিচ) প্রতীক পেয়েছে ৪০৪ ভোট তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আকরাম আলী (কলস) প্রতীক পেয়েছে ৩৮৫ ভোট, ইসমাইল হোসেন (তালা চাবি) প্রতীক পেয়েছে ১৮২ ভোট ও একরামুল হক খলিল (ফুটবল) প্রতীক পেয়েছে ৯১ ভোট। ১ নং ওয়ার্ডে (প্রশাসন ও হিসাব বিভাগ) সদস্য পদে সালাহউদ্দীন (ডাব) প্রতিকে বিজয়ী হয়েছে ৫৩ ভোট তার নিকটতম প্রতিদ্বন্দ্বী পেয়েছে সেলিম খাঁন (বালতি) প্রতীক পেয়েছে ৪৪ ভোট। ২ নং ওয়ার্ডে (চোলাই কারখানা) সদস্য পদে বাবর আলী (বেলচা) প্রতীক ৮৩ ভোট পেয়ে বিজয়ী হয়েছে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আমিনুল ইসলাম (ডাব) প্রতীক পেয়েছে ৬০ ভোট। ৩ নং ওয়ার্ডে (পরিবহন গ্যারেজ) সদস্য পদে শরিফুল ইসলাম-১ (টর্চ লাইট) প্রতীক ১১৯ ভোট পেয়ে বিজয়ী হয়েছে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী শফিকুল ইসলাম (ডাব) প্রতীক ৫০ ভোট পেয়েছে। ৪ নং ওয়ার্ডে (ইক্ষু সংগ্রহ) সদস্য পদে মতিয়ার রহমান (ডাব) প্রতীক ৭৮ ভোট পেয়ে বিজয়ী হয়েছে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ইয়ামিন হক (আখের আটি) সদস্য পদে প্রতীক পেয়েছে ৪৬ ভোট। ৫ নং ওয়ার্ডে (ইক্ষু উন্নয়ন) সদস্য পদে সাইফুদ্দিন (ডাব) প্রতীক ৬৭ ভোট পেয়ে বিজয়ী হয়েছে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী হারিজুল ইসলাম (আখের আটি) পেয়েছে ৩৮ ভোট। ৬ নং ওয়ার্ডে (উৎপাদন) সদস্য পদে হাফিজুর রহমান (বেলচা) প্রতীক ১৭৬ ভোট পেয়ে বিজয়ী হয়েছে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মজিবর রহমান (ডাব) প্রতীক পেয়েছে ৭৮ ভোট। ৭ নং ওয়ার্ড (প্রকৌশল) সদস্য পদে মফিজুর রহমান (বেলচা) প্রতীক ১৪৯ ভোট পেয়ে বিজয়ী হয়েছে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আজাদ আলী (হাতুড়ী) ৭৭ ভোট পেয়েছে।

আলমডাঙ্গায় ২ বেকারিতে ২৯ হাজার টাকা জরিমানা

জেলা ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর অভিযান চালিয়ে আলমডাঙ্গায় নোংরা পরিবেশে অস্বাস্থ্যকর খাদ্য দ্রব্য তৈরি ও পণ্যে মূল্য তালিকা না থাকায় ২ বেকারিতে জরিমানা করেছে।
গতকাল সোমবার সকাল ১১ টার দিকে আলমডাঙ্গা পৌর এলাকায় এ অভিযান পরিচালনা করেন।

অভিযানে আলমডাঙ্গার হাইরোডস্থ মেসার্স মামুন বেকারিতে অভিযান পরিচালনায় করেন ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর। অভিযানে বেকারিতে অস্বাস্থ্যকর ভাবে খাদ্য দ্রব্য তৈরি ও তৈরিকৃত পণ্যে মোড়ক না থাকা ও মেয়াদ, মুল্য তালিকা না থাকায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৩৭, ৪৩ ধারায় ৪ হাজার টাকা জরিমানা করেন।
এদিকে, গোপন সংবাদের ভিত্তিতে জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলায় দায়িত্বরত সহকারী পরিচালক সজল আহমেদ মেসার্স আরজু ফুডে অভিযান পরিচালনা করেন। অভিযানে আরজু ফুড নামের বেকারিতে নোংরা পরিবেশে খাবার তৈরি, মূল্য ও মেয়াদ তালিকা না থাকায় আরজু ফুডস এর মালিককে ২৫ হাজার টাকা জরিমানা করে।
দুই বেকারিতে ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে ২৯ হাজার টাকা জরিমানা করেন।
অভিযান চলাকালীন ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ আরও বেশকিছু প্রতিষ্ঠান ঘুরে দেখেন। এছাড়াও, সবাইকে পণ্যের মূল্যতালিকা প্রদর্শন ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয় না করার জন্য নির্দেশনা দেয়া হয়।
অভিযানের সময় উপস্থিত জনসাধারণকে ভোক্তা অধিকার আইন সম্পর্কে সচেতন করা হয়।
নিরাপত্তায় ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের একটি টিম। জনস্বার্থে এরূপ কার্যক্রম অব্যাহত থাকবে।

দামুড়হুদায় ট্রাকের নিচে ঝাঁপিয়ে পড়ে যুবক নিহত

দামুড়হুদার মুক্তারপুরে ট্রাকের নিচে ঝাঁপিয়ে পড়ে ভারসাম্যহীন সহেল নামের এক যুবক নিহত হয়েছে।
জানা যায়, দামুড়হুদা উপজেলার মুক্তারপুর গ্রামে গতকাল সকাল ৭ টার দিকে এই দুর্ঘটনা ঘটে। ট্রাকের নিচে ঝাঁপিয়ে পড়ে নিহত হয়েছেন সোহেল রানা (২১) নামের এক মানসিক ভারসাম্যহীন যুবক। নিহত সোহেল রানা উপজেলার নতিপোতা গ্রামের মৃত আলমগীর হোসেনের ছেলে।
পুলিশ ও স্থানীরা জানিয়েছেন, সোহেল রানা একজন মানসিক ভারসাম্যহীন ছিলেন। সে আগে ভালো ছিলো কিন্তু গত ৫-৭ মাস ধরে

মাথার অসুখে ভুগছিল। তাঁর পিতা-মাতার মৃত্যুর পর দীর্ঘদিন সহেল রানা দামুড়হুদার মুক্তারপুর গ্রামে মামা মিন্টু মিয়ার বাড়িতেই থাকতেন। সহেল গতকাল সোমবার সকালে চায়ের দোকানে বসেছিলেন। একটি ট্রাক (ঢাকা মেট্রো ট-১৬-৫৪৮১) আসতে দেখে হঠাৎ দৌড়ে তার নিচে চলে গেলে ঘটনাস্থলেই মারা যান তিনি।
দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল খালেক দুর্ঘটনার কথা স্বীকার করে বলেন, ‘নিহতের পরিবারের কোনো অভিযোগ না থাকায় তার মরদেহ ময়নাতদন্ত ছাড়াই দাফনের অনুমতি দেওয়া হয়েছে।